# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


নং প্রকা/শানিব্যউবি-১(১২৬)/উপশাখা/২০২৩-২৪/৯৫০ তারিখ ঃ ০৪ ফেব্রুয়ারি ২০২৪

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
ঢাকা।

**বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক, তক্তারচালা বাজার শাখা, টাঙ্গাইল (দঃ) এর অধীন 'হতেয়া বাজার উপশাখা' খোলা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বিভাগীয় কার্যালয়, ঢাকার ১২-১০-২০২৩ তারিখের পত্র নং বিকা(ঢাকা)পরি-৫(১)/২০২২-২৩/১৪৯১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের প্রেক্ষিতে বিকেবি, তক্তারচালা শাখা, টাঙ্গাইল এর অধীন **'হতেয়া বাজার উপশাখা'** নামে একটি উপশাখা খোলার প্রস্তাব বিগত ১২-১২-২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৪৫ তম সভার অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক পত্র নং- বিআরপিডি(এল এস-১)/৭৪৫(৫)/২০২৩-১১৫৩৮ তারিখ ৩১-১২-২০২৩ মূলে কতিপয় শর্তে অনুমতি প্রদান করা হয় (কপি সংযুক্ত)। উল্লিখিত অনুমোদন পত্রের ২(খ) অনুচ্ছেদের শর্তানুযায়ী অর্থ মন্ত্রনালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ৩০-০১-২০২৪ তারিখের ৫৩.০০.০০০০.৩২১.৪২.০০২.১৯.০৭ নং স্মারক মূলে অনাপত্তি প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্র এবং অত্র ব্যাংকের এতদসংক্রান্ত পরিকল্পনা ও পরিচালন (শানিব্যউবি)/পরিপত্র নং-৮২৬, তারিখঃ ০২-০১-২০২৪ এর শর্তাবলীসহ নিম্নে বর্ণিত শর্তাবলী পরিপালনপূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংক, তক্তারচালা বাজার শাখা, টাঙ্গাইল (দঃ) এর অধীন **'হতেয়া বাজার উপশাখা'** খোলা ও পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো ঃ

(ক) উপশাখার ভাড়া সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃ নং | উপ শাখার নাম | মূল শাখা | আয়তন (বর্গফুট) | ভাড়া (প্রতি বঃফুঃ) | মোট ভাড়া (টাকা) | অগ্রিম (কষ্ট অব ফান্ড হারে) | ভাড়া চুক্তির মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | হতেয়া বাজার উপশাখা | তক্তারচালা বাজার | ১০০০ | ৭.০০ টাকা | ৭,০০০/- | ২.৫২ লক্ষ | ১০ (দশ) বছর (চুক্তি সম্পাদনের তারিখ হতে) |

(খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদনের তারিখ হতে **৬ (ছয়)** মাসের মধ্যে উপশাখা স্থাপন করতে হবে। অন্যথায় অনুমোদন বাতিল বলে গণ্য হবে।

(গ) উপশাখা স্থাপনের তারিখ হতে ৭ (সাত) দিনের মধ্যে উপশাখা স্থাপনের তারিখ উল্লেখপূর্বক **বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, ব্যাংক পরিদর্শন বিভাগ-২, প্রধান কার্যালয়, ঢাকা এবং বাংলাদেশ ব্যাংকের ময়মনসিংহ কার্যালয় কে** অবহিত করতে হবে।

(ঘ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় বাংলাদেশ ব্যাংক অত্র অনুমতিপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ঙ) ব্যাংক উপশাখার পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

(চ) উপশাখা সার্বক্ষণিকভাবে বাংলাদেশ কৃষি ব্যাংকের সি সি টিভির আওতায় রাখতে হবে এবং উক্ত সি সি টিভির প্রতিটি ভিডিও ফুটেজ কমপক্ষে ০১(এক) বছর পর্যন্ত সংরক্ষন করতে হবে।

(ছ) উপশাখা খোলার **১৫(পনের)** দিনের মধ্যে ভবন মালিকের সাথে সম্পাদিত ইজারা চুক্তির একটি ফটোকপি অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

(জ) ভবন মালিকের সাথে সম্পাদিত চুক্তিতে প্রস্তাবিত ভূমির মালিকানা স্বত্ব সম্পর্কে কোন প্রকার ত্রুটি প্রকাশ পেলে চুক্তিটি স্বাভাবিকভাবেই বাতিল বলে গণ্য হবে মর্মে শর্তে উল্লেখ থাকতে হবে।

(ঝ) কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ-১ হইতে জারীকৃত পত্র নং- প্রকা/হিসাব-০১/কর শাখা-০৫/২০১৫-১৬/২১৮৭ তারিখ ২০-০৬-২০১৬ এর নির্দেশনা অনুযায়ী শাখা ভবন ভাড়ার **১৫%** মূল্য সংযোজন কর (মূসক) ব্যাংক কর্তৃক বহন করা হবে।

(ঞ) শাখা ভবন ভাড়ার **৫%** উৎস কর ভবন মালিক কর্তৃক বহন করতে হবে ।

(ট) উপশাখা স্থাপন ব্যয় ২,০০,০০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

(ঠ) প্রস্তাবিত ভবনের বিদ্যুৎ সংযোগে আর্থিং থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং ব্যাংকের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য রেডিও লিংক স্থাপনার প্রয়োজন হলে সে ক্ষেত্রে ভবন মালিকের কোন আপত্তি থাকবে না মর্মে ভবন ভাড়া/ইজারা চুক্তিতে শর্ত আরোপ করতে হবে।

(ড) উপশাখার কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আইসিটি সিস্টেম চালু এবং রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করণের জন্য ইজারা চুক্তির ফটোকপিসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহে পত্র প্রেরণ করতে হবে।

চলমান

(চ) উপশাখার সকল ব্যাংকিং লেনদেন Real time basis এ সম্পাদিত হবে, গ্রাহকগণকে তাৎক্ষণিকভাবে এসএমএস এবং রশিদ প্রদান করতে হবে। উপশাখার সকল হিসাব ও সামগ্রিক লেনদেন নিয়ন্ত্রণকারী শাখার হিসাব ও লেনদেন হিসাবে স্বয়ংক্রিয়ভাবে নিয়ন্ত্রণকারী শাখার বুকস অব একাউন্টসে অন্তর্ভুক্ত হবে।
(ণ) নগদ অর্থ ও গুরুত্বপূর্ণ ডকুমেন্টস সংরক্ষণের লক্ষ্যে উপশাখায় ভল্ট স্থাপন করা হলে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা উপশাখার ভল্ট প্রতি পাক্ষিক এ অন্তত একবার পরিদর্শন করে শাখায় প্রতিবেদন দাখিল করবেন এবং উক্ত প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনের জন্য সংরক্ষণ করবেন।
(ত) উপশাখাটি স্থাপন করতঃ উপশাখার ভৌগলিক অবস্থান (অক্ষাংশ-দ্রাঘিমাংশ) নির্ণয়সহ তথ্য এবং প্রদেয় সার্ভিস বাংলাদেশ ব্যাংকের Geoloc পোর্টালে আপলোড/ হালনাগাদের লক্ষ্যে অত্র বিভাগের ২৮-১১-২০১৮ খ্রিঃ তারিখের ৯০৪(১২৫০) নং পত্রের নির্দেশনা অনুসরণ করার জন্যে অনুরোধ করা হলো।
(থ) উপশাখা স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বি আর পিডি সার্কুলার নং-২৮, তারিখ ২৭-১২-২০১৮ এবং বি আর পিডি সার্কুলার নং-২৮, তারিখ ০৩-১২-২০১৯ যথাযথ অনুসরন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।
(দ) ব্যাংকের সকল ব্যয়ের ক্ষেত্রে কৃচ্ছতাসাধন নীতি অনুসরণ করতে হবে; এবং
(ধ) এক্ষেত্রে ব্যাংকের প্রচলিত অন্যান্য নিয়ম-কানুন প্রযোজ্য হবে।

সংযুক্তি: বর্ণনামতে

অনুমোদনক্রমে-

০৪.০২.২৪
(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সচিব/ সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। উপমহাব্যবস্থাপক, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, আইসিটি সিস্টেমস বিভাগ এবং প্রকিউরমেন্ট বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, তক্তারচালা বাজার শাখা, টাঙ্গাইল (দঃ)।
১৩। ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
১৪। অফিস নথি।

০৪.০২.২৪
শরীফা আফরীন তুলি
(মুখ্য কর্মকর্তা)